॥ ষষ্ঠ অধ্যায় ॥

## শব্দার্থতত্ত্ব ( Semantics )

শব্দের ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে শব্দের সম্পর্কই শব্দার্থতত্ত্বের মূলকথা । শব্দের একটি শক্তি আছে । কখনও এই শব্দের অর্থ অভিধার্থক, কখনও লক্ষার্থক , কখনও ব্যঞ্জনার্থক । শব্দের অর্থের রূপান্তর ঘটে । কখনও শব্দের অর্থের বিস্তৃতি ঘটে , আবার কখনও তা সঙ্কুচিত হয় । এই পরিবর্তনের ফলে অর্থেরও পরিবর্তন ঘটতে দেখা যায় । এই সব কারণে শব্দের অর্থ পরিবর্তিত হয়, আমদের কথ্যভাষায় সেই সব কারণগুলির ফল দেখা যায় । এই অধ্যায়ে আমদের কথ্যভাষায় শব্দার্থতত্ত্বের রূপান্তরগুলো আলোচনা করব ।

(১) ধার করা শব্দের অর্থগত রূপান্তর :-

“দের”- শব্দটির অর্থ দিবে । কিন্তু কালিয়াচক অঞ্চলে ‘দের’শব্দের অর্থ বাব । পুরাটুলী এলাকায় ‘ঘাট’বলতে নদীকে বোঝায়, যদিও ঘাট কথার অর্থ স্নান করার স্থান ।

(২) একজাতীয় ভাষার মধ্যে আঞ্চলিক পার্থক্যের ফলে অর্থের পার্থক্য ( Change of meaning between Cognate Language

সংস্কৃতে রাগ বলতে অনুরাগ অর্থ বোঝায় । কিন্তু বাংলায় রাগ অর্থের ক্রোধ অর্থ প্রকাশ করে ।

গোপিয়াদের কথ্যভাষায় “রাগ”- কথাটি “রাগ অর্থে ব্যবহৃত । সেখানে ভালবাসা কিংবা অনুরাগ অর্থে রাগের প্রচলন নাই ।

ইংরেজবাজার অঞ্চলে “ছোকরা”শব্দটি বালকের অন্দর বাচিন্ত অর্থে ব্যবহৃত হয় । কিন্তু সাধুভাষায় ছোকরা শব্দটি ছোট বয়সী ছেলের অর্থে ব্যবহৃত হয় । “বদিলা’ শব্দটি সুন্দরী অর্থে ব্যবহারের প্রচলন আছে । কিন্তু ভাটিয়ের কাছে ভোলাপাখপুর মোহিনী নারায়ণপুর গ্রামে “যে দিয়ে থান রচনা করে” ।এই অর্থে “বদিলা” শব্দের প্রচলন দেখেছি । “আচ্ছা ”- শব্দটি বাক্যের প্রথমে ইতিবাচক বাক্যে ব্যবহৃত হয়ে থাকে । যেমন, আচ্ছা ঠিক আছে, আমি যাব । কিন্তু গোপালপুর এবং বালিটোলা এলাকায় “ভাল অর্থে”আচ্ছা শব্দের প্রচলন দেখা যায় । যেমন, আচ্ছা থাকবেন ।

(৪) ইংরেজবাজার থানার মীরচক এলাকার মুসলমান সম্প্রদায় ঃ-

"তোকে যে বাপ বারে বারে মানা কোর্যাছিনু একেলা একেলা আন্ধ্যা রাইতে কোরে যাস না তুই শুনলি না ক্যান ? তুই যখন যাস্ বিপদে পিড়্যাছিস্ তখন চুপ কোরে থাকলে হোবে না — কুনো একটা করতেই হোবে। একে যদি কিছু খরচা হয় তো হোবে।"

(৫) ইংরেজবাজার থানার কুতুবপুর এলাকার বাঁশারী সম্প্রদায় ঃ-

"তোকে যে বাপ বারবার মানা করনু যে একেলাই রাত কোরে কোনোটি যাস না, সেটা তুই শুনলি কি ক্যানে ? এখন বিপদ যখন হয়্যা গেলো তখন চুপ কোরে বসে থাকলে তো চলবি কি — একটা একটা কর্তেই হোবে। এতে কিছু খরচ হয় হোবে।"

(৬) ইংরেজবাজার থানার পুরাটুলী এলাকার পুরা সম্প্রদায়ের ভাষার নমুনা ঃ-

"তোকে যে বাপ বারবার মানা কোরু যে একেলা একেলা রাইতে যাস্ না তাও তুই শুনলি না ক্যানে ? এবং যে বিপদ হল, চুপ মার্যা বোসে থাকলে তো আর হোবে না — একটা তো কিছু করতে হোবে। একে যদি কিছু খরচ হয় তো করতে হোবে।

(৭) মিরজাদপুর, চাঁদপুর, ঘাড়াপাড়ি, পাড়াইচাপা, (থানা রতুয়া) প্রভৃতি গ্রামের পোলিন সম্প্রদায়ের মুসলমানদের ভাষার নমুনা ঃ-

তিন্কো বাপ বারবার মানা কিয়া কি একেলা রাতকো না যাইয়ে, তাঁই শুনে নি কাহে ? আভি বিপদ পড়াবা তো চুপসে বৈঠনেসে তো নাহি হোগা — কুছ একিঠো কাম নাহি হোগা। ইসমে যো খরচা হোগা হোগা।

(৮) ইংরেজবাজার এলাকার কর্ত্তিম অঞ্চলের মুসলমানদের (শেখ সম্প্রদায়ের) ভাষার নমুনা

তিন্কো যে বাপে বাপে মানা করা একেলা রাত মে মত্ যাইও, কাঁই শুনে নি কাহে ? আভি বিপদ হোগেঁও তো নিয়া বা চুপ বৈঠকে রহেনেসে নাই হোগা — কোই রেস্তা করনা হোগা। ইসমে খরচ যদি বা হোই তো হোক।

(৯) বারুপাড়া এলাকার হ্মগার (ডুডোর) দের ভাষার নমুনা :-

তোমে যে যদি বারবার মানা করু এ্যাকলাই রাইতে যাস্ না তো শুনদি না কালে ২ এখনি বিপদ যখন পোড়্যাছে তোখুন সব ছোড্যা থাকলে হোবে না – কিন্তু ব্যাকটা জোরুত্তেই হোবে। ব্যাপ্রমো যুদি খারচা হয় তো হোবে।

(১০) বারুভাগা থেকে মাধব মাড়াপুর জোতভাঙাশীতে বসবাসকারী মৈথিলদের ভাষার নমুনা :-

তোহরা বারবার মানা কারলিও এক্কো রাতিকে জনা যাং তো তা মানা কারলে তো মানা শুনলে নাই কাহে ২ এখনি বিপদ যাব ভাই গেলছে (ভেলোছেই) তব চুপচাপ রাহলেসে নাই ভেতে, কুছ দেখো কারা পড়তে। একরাতে যে খরচা ভেতে সে কারা পড়বে।

(১১) সোভানগর অঞ্চলের মৈথিল সম্প্রদায়ের ভাষার নমুনা :-

তোহরা যে সব একো বের মানা কারলিও যে একেলা রাতি যাবিন পি (যাওবাদেন পি) তাইও কাহে নাই শুনলে ২ এখনি বিপদ যখনি পড়লেছো তবে চুপ কারিকে রাখিলেসে তো নাই চলতো – দেখে হোকি কোনো কুছ কারেন হোইবে কারতো। ইখিনে খরচা যদি হোই তো হোইতে।

(১২) বুনিদা এলাকার (হরিশ্চন্দ্রপুর) গনেশ সম্প্রদায়ের ভাষার নমুনা :-

তোক যে মুই বারবার মানা কোরু একলাই রাতিত যাইস্ না তোহো শুনলু পি কিসোক ২ এ্যাখোন বিপদ যেখুন পোড়েই গেলে তেখুন সব মাছে বোসে থাকলে তো হোবে পি? কুছ কোরবাই হোবে। যাতে যুদি খরোচ হয় তো কোরবাই হোবে।

(১৩) সোভানগর এলাকার ঘোষ সম্প্রদায়ের ভাষার নমুনা :-

তোমে যে যদি বারবার মানা করু যে এ্যাকেলা রাইতে যাইস না ভাতিয়া তুই শুনদি না কাহে ২ এখন বিপদ যখন পোড়ে গেলছে তখন যায় চুপ ক্যোরে ব বসে রহিলে নাই হোইবে – কুছ ব্যাকটা জোরুত্তেই হইবে – এ্যাতে যেনা খারচা হইবে হোক।

(১৪) চাঁচোল থানার খরবা অঞ্চলের সুন্নী মুসলমান সম্প্রদায়ের ভাষার নমুনা ঃ-

তোক্ মে যদি বারবার মানা কোরুন মে এ্যাখনাই রাস্তি যাইস্ না তোহো তুই কি শুনল কাহেন ? এ্যাখনকা বিপদ যখন তোহোরেই মেল তো লোকিগালের বলে থাকলে তো হোবে কি ? যা করার কিছু এ্যাকটা কোরবা হোবে – এইয়ার যদি কিছু খরুচ হয় তো হোক।